## মানি লভারিং প্রতিরোধ বিভাগ বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় ঢাকা।

www.bangladeshbank.org.bd

এ.এম.এল. সার্কুলার নং- ১৪

তারিখঃ

১০ আশ্বিন, ১৪১৪

২৫ সেপ্টেম্বর, ২০০৭

প্রধান নিবহী, সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

## Politically Exposed Persons (PEPs) এর হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলী।

## প্রিয় মহোদয়গণ,

মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ৪ ও ১৯ নম্বর ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জাতিসংঘের দুর্নীতি বিরোধী কনভেনশন এবং ফিনাঙ্গিয়াল এ্যাকশন টাস্ক ফোর্স (এফএটিএফ) এর ৬ নম্বর সুপারিশ পরিপালনের জন্য নিমুবর্ণিত নির্দেশনাসমূহ বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে অনুসরণের জন্য জারী করা হ'ল ঃ

- ২। Politically Exposed Persons (PEPs) এর হিসাব খোলা এবং/অথবা পরিচালনার ক্ষেত্রে অধিকতর সতর্কতা (Enhanced Due Diligence) অবলম্বন করতে হবে। এজন্যে ঃ
  - ক) 'PEPs' দের হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত ঝুঁকি সনাক্তকরণের জন্য একটি ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতির প্রবর্তন করতে হরে;
  - খ) তাদের সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের পূর্বেই ব্যাংকের উর্দ্ধতন উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে;
  - গ) তাদের হিসাবে লেনদেনকৃত অর্থ বা সম্পদের উৎস জানার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে;
  - ঘ) তাদের হিসাবের লেনদেন নিয়মিতভাবে মনিট্রিং করতে হবে।
- ৩। সংশ্লিষ্ট সকলের যথাবিহিতের জন্য, 'PEPs' এর সংজ্ঞা নিমে প্রদন্ত হ'ল: Individuals who are or have been entrusted with prominent public functions in a foreign country, for example Heads of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials. Business relationships with family members or close associates of PEPs involve reputational risks similar to those with PEPs themselves.
- 8। মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ ও তদসূত্রে প্রদত্ত সকল বিধিবিধান পরিপালন ও Guidelines for Foreign Exchange Transactions এ অনিবাসীদের হিসাব খোলা সংক্রান্ত যাবতীয় বিধিবিধান যথারীতি পরিপালন করতে হবে।
- ে। এই নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত.

(ম. মাহফুজুর রহমান)
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)
ফোন ঃ ৭১২৫৭৬৫
তারিখ ঃ উল্লিখিত।